(vi) প্রথম পক্ষ ঋণগ্রহিতার নিকট থেকে কোনো ঋণের প্রসেসিং ফি বা আগাম ঋণ পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার অতিরিক্ত ফি আদায় করতে পারবে না। তবে স্বত্ব রিপোর্টের জন্য সরকারি প্লট/ফ্ল্যাটের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০০/- (তিন হাজার টাকা) এবং বেসরকারি প্লট/ফ্ল্যাটের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০০০/- (চার হাজার) টাকা সংশ্লিষ্ট ঋণ আবেদনকারী/ঋণগ্রহীতা প্রথম পক্ষকে প্রদান করবে।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোহাম্মদ জাহাঙ্গীর
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও
রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

১.৯ ঋণ মঞ্জুর হলে ঋণের টাকা গ্রহণের পূর্বে ঋণ গ্রহিতাকে যে সম্পত্তিতে ঋণ প্রদান করা হবে তা প্রথম পক্ষের অনুকূলে রেজিস্টার্ড দলিলমূলে বন্ধক প্রদান করতে হবে। তবে, বাস্তুভিটাতে (উত্তরাধীকার সূত্রে প্রাপ্ত এবং পুরুষানুক্রমে বসবাসরত ভূমি) বাড়ি করার ক্ষেত্রে ঋণগ্রহীতার মালিকানাধীন গৃহীত ঋনের অপেক্ষা কম মূল্যের নয় এমন অপর কোনো সম্পত্তি বন্ধক প্রদান করা যাবে। সম্পত্তি বন্ধক প্রদানের ক্ষেত্রে যাবতীয় ব্যয়ভার ঋনগ্রহীতাকে বহন করতে হবে।

১.১০ মঞ্জুরিপত্রের শর্তাদি ও প্রথম পক্ষের নিয়মানুযায়ী বাড়ি নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে একাধিক কিস্তিতে (সর্বোচ্চ ৪টি) ঋণের টাকা বিতরণ করা যাবে। তবে, সম্পূর্ণ তৈরি (Ready) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ফ্ল্যাট/বাড়ির মালিকানা ও বন্ধকী দলিল রেজিস্ট্রেশনের সময় সমুদয় ঋণ এক কিস্তিতে প্রদান করা যাবে।

১.১১ সম্পাদিতব্য রেজিস্টার্ড বন্ধকী দলিলের সকল শর্ত ঋণগ্রহীতা মেনে চলবেন।

১.১২ গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি/ফ্ল্যাট ক্রয় ঋনের জন্য আবেদনকারীর (বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কমর্চারীর) চাকুরি স্থায়ী হতে হবে। ঋন প্রাপ্তির সর্বোচ্চ বয়স সীমা হবে ৫৮(আটান্ন) বছর। তবে, ভবিষ্যতে সরকার চাকুরির মেয়াদ বৃদ্ধি করলে বর্ধিত সময় সর্বোচ্চ বয়সসীমার সাথে যোগ হবে। বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ ভর্তুকি অবসরোত্তর ছুটি ভোগের সর্বশেষ দিন পর্যন্ত প্রাপ্য হবেন।

১.১৩ কোনো কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে মামলার চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণের জন্যে যোগ্য বলে বিবেচিত হবেন না।

১.১৪ বেবিচ কর্তৃপক্ষের চাকুরীতে চুক্তি ভিত্তিক, খন্ডকালীন ও অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোনো কর্মকর্তা/কর্মচারী এই সমঝোতা স্মারক ও বর্ণিত নীতিমালার আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না।

১.১৫ লিয়েনে থাকাকালীন সময়ে কোনো কর্মকর্তা/কর্মচারী বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভর্তুকি প্রাপ্য হবেন না। কোনো কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণ করার পর বেবিচ কর্তৃপক্ষের সুপারিশ থাকা সাপেক্ষে লিয়েনে গমন করলে লিয়েনকালীন সময়ে তিনি বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ ভর্তুকি প্রাপ্য হবেন না বিধায় লিয়েনকালীন সময়ে ঋণের কিস্তি (আসল+সমুদয় সুদ) উক্ত গ্রাহক-কে এককভাবে পরিশাধ করতে হবে। এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক লিয়েনে গমনকৃত কর্মকর্তা/কর্মচারীরর তথ্য প্রথম পক্ষকে লিয়েনে গমনের পূর্বেই অবহিত করতে হবে। লিয়েনে গমণের পূর্বে লিয়েন গ্রহণকারী ঋণগ্রহিতা লিয়েনকালীন সময়ে ঋণের কিস্তি পরিশোধের বিষয়ে ব্যাংক হতে অনাপত্তিপত্র (NOC) গ্রহণ করতে হবে।

২.০ ঋণের হিসাবায়ন সংক্রান্ত:

২.১ প্রদত্ত ঋণের আসল (Principal), ঋণগ্রহিতা কর্তৃক প্রদেয় সুদ এবং ভর্তুকি বাবদ বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ পৃথকভাবে প্রদর্শনপূর্বক প্রথম পক্ষ ঋণ পরিশোধের মঞ্জুরিপত্র/উপদেশপত্র ও ঋণ পরিশোধের সিডিউল প্রস্তুতপূর্বক দ্বিতীয় পক্ষ ও ঋণগ্রহীতা বরাবর জারি করবে। কোনো সংগত কারণে মাসিক কিস্তি পুনঃনির্ধারণ করার প্রয়োজন হলে পুনঃনির্ধারিত মাসিক কিস্তিতেই ঋণ পরিশোধ করতে হবে।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোহাম্মদ জাহাঙ্গীর
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও
রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

২.২ ঋণগ্রহীতাগণকে ক্রমহ্রাসমান (Reducing Balance) আসল টাকার উপর বার্ষিক ৯% সরল সুদে (৪% কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ঋণ প্রদান করা হবে। অর্থাৎ এক্ষেত্রে সুদের উপর কোনো সুদ আরোপ করা হবে না।

২.৩ অনিবার্য করাণ বশতঃ মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে, বিলম্বের জন্য আরোপিত সুদ শেষ কিস্তির সাথে যুক্ত হবে। অনিয়মিত কিস্তির উপর ২% হারে (পরিবর্তনশীল) দন্ড সুদ প্রযোজ্য হবে, যাহা ঋণ গ্রহীতাকে পরিশোধ করতে হবে।

২.৪ ঋণ হিসাবে Excise Duty সহ সরকারী অন্যান্য চার্জ প্রদেয় হবে। কোন অপ্রকাশিত ফি/চার্জ (Hidden Charge) থাকবে না।

৩.০ ঋণ পরিশোধ সংক্রান্ত:

৩.১ ঋণ পরিশোধের মেয়াদকাল হবে সর্বোচ্চ ২০ বছর। গৃহ নির্মাণের ক্ষেত্রে প্রথম কিস্তির ঋণের অর্থ প্রাপ্তির ০২ (দুই) বছর পর এবং তৈরি বাড়ি ও ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণের অর্থ প্রাপ্তির সর্বোচ্চ ০১ (এক) বছর পর ঋণগ্রহিতা কর্তৃক ঋণের মাসিক কিস্তি (আসল+সুদ) পরিশোধ শুরু হবে।

৩.২ ঋণ আবেদনকারী ঋণ পরিশোধের সুবিধার্থে প্রথম পক্ষের যে শাখা হতে ঋণ গ্রহণ করবেন উক্ত শাখায় একটি মাসিক বেতনের হিসাব খুলবেন এবং উক্ত ব্যাংক হিসাবে ঋণ গ্রহীতার বেতন/ভাতা (বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভর্তুকির অংশসহ)/পেনশন-বেনিফিট অনলাইন/BEFTN এর মাধ্যমে জমা হবে। ঋণের কিস্তি ঋণগ্রহিতার বেতন হিসাব হতে ঋণের মেয়াদকাল পর্যন্ত কর্তন করা হবে।

৩.৩ ঋণগ্রহিতার ব্যাংক হিসাব হতে প্রতি মাসে বেতন/ভাতা/ভর্তুকি জমা হওয়ার পর ঋণের পূর্ণ কিস্তির টাকা প্রথমেই ব্যাংক কর্তন করবে এবং অবশিষ্ট অর্থ ঋণগ্রহিতা কর্তৃক উত্তোলনযোগ্য হবে।

৩.৪ ঋণ পরিশোধের মডেল সিডিউল অনুযায়ী প্রতিটি ঋণ হিসাবে কেইস-টু-কেইস ভিত্তিতে সুদ বাবদ প্রাপ্য মাসিক ভর্তুকির পরিমাণ নির্ধারণ করা হবে। বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নামে জারিকৃত মঞ্জুরি আদেশ অনুযায়ী প্রদত্ত ভর্তুকি বাবদ সুদের অংশ প্রতি মাসের শেষ কর্ম দিবসে বেতন বিলের সাথে প্রথম পক্ষের নির্ধারিত ব্যাংকের শাখায় প্রেরণ করতে হবে।

৩.৫ প্রথমপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন-ভাতা জমা হবে এবং উক্ত হিসাব হতে ঋণের পূর্ণ কিস্তি আদায়যোগ্য হবে যাতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্তৃক প্রদেয় আসল ও সুদ এবং বেবিচ কর্তৃপক্ষ প্রদত্ত ভর্তুকি বাবদ সুদের অর্থ অন্তর্ভুক্ত থাকবে।

৩.৬ (i) চাকুরি হতে অবসর গ্রহণের পর বা তার পূর্বে গৃহিত ঋণ সম্পূর্ণভাবে সমন্বয় করা যাবে। তবে সেক্ষেত্রে ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল (Final Negotiated Repayment Schedule) মোতাবেক সমন্বয়ের তারিখে অবশিষ্ট অনাদায়ী আসল এবং সমন্বয় তারিখ পর্যন্ত ঋণের উপর আদায়যোগ্য অর্জিত সুদ (Accrued Interest) এর যে পরিমাণ সুদ অনাদায়ী আছে তা পরিশোধপূর্বক ঋণ হিসাবটি সমন্বয় করতে হবে।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোহাম্মদ জাহাঙ্গীর
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও
রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

(ii) অবসরোত্তর এককালিন পাওনাদি দ্বারা ঋণটি সম্পূর্ণ বা আংশিক সমন্বয় করা যাবে। এ বিষয়ে ঋণগ্রহিতার নিকট হতে ৩০০.০০ টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। তবে সম্পূর্ণ ঋণ সমন্বয় না করে যদি আংশিক সমন্বয় করা হয় সেক্ষেত্রে অবশিষ্ট ঋণ ব্যাংক-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহকের মাসিক পেনশনের সাথে সামঞ্জস্য কিস্তিতে নির্ধারিত সময়ের অবশিষ্ট মেয়াদে পুনর্গঠন/পুনঃতফসিল করা হবে।

৩.৭ (i) সুদসহ ঋণের সমুদয় পাওনা পরিশোধের পূর্বেই কোনো ঋণগ্রহীতা স্বেচ্ছায় চাকুরি ত্যাগ করলে অথবা বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরি হতে বরখাস্ত/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে। এক্ষেত্রে ঋণ গ্রহিতাকে বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব পোর্টফোলিও অনুযায়ী নির্ধারিত কিস্তি পরিশোধ করতে হবে এবং অপরিশোধিত অর্থ (যদি থাকে) তাঁর প্রাপ্য পেনশন সুবিধা ও আনুতোষিক হতে সমুদয় পাওনা আদায় করা হবে।

(ii) এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক স্বেচ্ছায় চাকুরি ত্যাগ/বাধ্যতামূলক অবসর প্রদান/বরখাস্ত/চাকুরীচ্যুত কর্মচারীর আগাম তথ্য প্রথম পক্ষকে অনতিবিলম্বে অবহিত করতে হবে।

৩.৮ (i) কোনো কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে সেক্ষেত্রে তার পারিবারিক পেনশন দ্বারা সুদের হার অপরিবর্তিত রেখে (৯%) যতটুকু কিস্তি পরিশোধ করা যায় সে পরিমাণ আদায় সাপেক্ষে অবশিষ্ট ঋণের অংশ তার প্রাপ্য আনুতোষিক হতে জমা প্রদানের ব্যবস্থা করতে হবে।

(ii) যদি আনুতোষিক এবং প্রাপ্য পেনশন দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হয় তাহলে তার উত্তরাধিকারীর নিকট হতে সুদের হার অপরিবর্তিত রেখে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে।

(iii) এক্ষেত্রে অপরিশোধিত পাওনা আদায়ের জন্য প্রথম পক্ষের প্রচলিত নিয়ম পরিপালনযোগ্য হবে।

৪.০ ঋণগ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকী দলিলের শর্তাদি এই সমঝোতা স্মারকের দ্বারা কোনো ক্রমেই অকার্যকর হবে না। বন্ধকী দলিল-ই ঋণ চুক্তি হিসাবে গণ্য হবে এবং এই সমঝোতা স্মারকের তার সম্পূরক বলে গণ্য হবে।

৫.০ প্রথমপক্ষ (রূপালী ব্যাংক লিমিটেড) বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে তাঁর নিজস্ব তহবিল হতে বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করবে। অত্র সমঝোতা স্মারকে উল্লেখিত বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণের সুদ বাবদ প্রয়োজনীয় ভর্তুকির অর্থ বেবিচ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অর্থবছরের বাজেটে বরাদ্দ রাখবে।

৬.০ বেবিচ কর্তৃপক্ষ এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের সমুদয় কার্যক্রম বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক ১৭.০২.২০২২ তারিখ হতে কার্যকর করে জারিকৃত নীতিমালা এবং প্রথম পক্ষের (রূপালী ব্যাংক লিমিটেড) যথাযথ পদ্ধতি (Due diligence) অনুযায়ী পরিচালিত হবে। এর পরেও সমঝোতা স্মারক বাস্তবায়নে কোনো অস্পষ্টতা দেখা দিলে তা উভয় পক্ষের মধ্যে পারস্পরিক আলোচনার ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খএ ৭৪৯১৩৬৭

৭.০ এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রশাসন ও টিডিএম, গৃহ নির্মাণ ঋণ কোষ-৩ কর্তৃক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা অনুমোদন সংক্রান্ত ২৮ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.০০.০০০০.২০৭.০২.০৩৮.২১-২৫৪ সংখ্যক স্মারকের নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

৮.০ এই সমঝোতা স্মারকের আওতায় দ্বিতীয় পক্ষ (বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ) কর্তৃক প্রথম পক্ষ (রূপালী ব্যাংক লিমিটেড)-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের ক্ষেত্রে পূর্বোল্লিখিত নীতিমালা অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নিযুক্ত করা হলো।

৯.০ এই সমঝোতা স্মারকে লিখিত হয়নি এমন কোনো বিষয় ভবিষ্যতে উদ্ভব হলে তা উভয় পক্ষের আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

১০.০ এই সমঝোতা স্মারক পাঠ করে এর মর্ম বাণী, ভাবার্থ ও ফলাফল সম্যক অবগত হয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচনায় স্বাক্ষীগণের উপস্থিতিতে আমরা স্বাক্ষরকারীগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষের ক্ষমতা প্রাপ্ত হয়ে এই সমঝোতা স্মারকপত্রে স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ:

(মোহাম্মদ জাহাঙ্গীর)
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও
রূপালী ব্যাংক লিমিটেড

দ্বিতীয় পক্ষ:

(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্বাক্ষীগণ:

15.12.2022

১. (নাজমুন নাহার)
উপমহাব্যবস্থাপক
রূপালী ব্যাংক লিমিটেড

২. (মোঃ জাকির হোসাইন)
সহকারী মহাব্যবস্থাপক
রূপালী ব্যাংক লিমিটেড

স্বাক্ষীগণ:

15-12-2022

১. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন,
পরিচালক (অর্থ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

২. জনাব মোহাম্মদ নূরুল ইসলাম
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ৭২৬২৭০৯

অগ্রণী ব্যাংক লিমিটেড

এবং

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

এর মধ্যে সম্পাদিত

সমঝোতা স্মারক
(Memorandum of Understanding)

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদান।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ৭২৬২৭০৭

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

এই সমঝোতা স্মারকটি অদ্য রোজ বৃহস্পতি বার ১৪২৯ বঙ্গাব্দ এর অগ্রহায়ণ মাসের ৩০ তারিখ মোতাবেক ২০২২ খ্রিষ্টাব্দ এর ডিসেম্বর মাসের ১৫ তারিখ নিম্নবর্ণিত পক্ষগণের মধ্যে স্বাক্ষরিত হলো।

The Bangladesh Bank (Nationalization) Order 1972 (মহামান্য রাষ্ট্রপতির 1972 সালের ২৬ নং আদেশ) বলে প্রতিষ্ঠিত অগ্রণী ব্যাংক পরবর্তীতে অগ্রণী ব্যাংক লিমিটেড

-------------------------------- প্রথম পক্ষ

এবং

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

--------------------------------দ্বিতীয় পক্ষ

যেহেতু, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২১ (সংযোজনী-১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রশাসন ও টিডিএম, গৃহ নির্মাণ ঋণ কোষ-৩ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

যেহেতু, এই বর্ণিত নীতিমালা অনুযায়ী বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২১ এর ক্ষেত্রে রাষ্ট্র মালিকানাধীন তফসিলি ব্যাংকসমূহ-কে বর্ণিত ঋণ প্রদানের কার্যক্রমটি পরিচালনার জন্য বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে মনোনীত করা হয়েছে, এবং

যেহেতু, দ্বিতীয় পক্ষ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ তাঁদের কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণার্থে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ গ্রহণের লক্ষ্যে ০৬ মার্চ ২০২২ তারিখের ৩০.৩১.০০০০.২০১.৪৮.০০১.২১.১৮৬/৯৫৬৩ সংখ্যক স্মারক মোতাবেক অগ্রণী ব্যাংক লিমিটেড-কে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে নির্ধারণ করতে আগ্রহী, এবং

যেহেতু, এই বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ-১০ মোতাবেক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের প্রয়োজনীয়তা/প্রাসঙ্গিকতা সৃষ্টি হয়েছে।

সেহেতু, উভয় পক্ষ একমত ও নিম্নলিখিত বিষয়ে সম্মত হয়ে এই সমঝোতা স্মারক সম্পাদন করল:

১.০ ঋণ আবেদন ও মঞ্জুরী সংক্রান্ত:

১.১ দ্বিতীয় পক্ষের আবেদনকারীগণকে (বেবিচক এর কর্মকর্তা/কর্মচারী) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নীতিমালার আলোকে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে প্রথম পক্ষ (অগ্রণী ব্যাংক লিমিটেড) এর চাহিদা অনুযায়ী (সংযোজনী-২) প্রয়োজনীয় সকল দলিল ও কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

১.২ ঋণ আবেদনকারী বাড়ি (আবাসিক) নির্মাণের জন্য একক ঋণ, জমি ক্রয়সহ বাড়ি (আবাসিক) নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ, জমিসহ তৈরি বাড়ি ক্রয়ের জন্য একক ঋণ অথবা এককভাবে ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন এবং এই সমঝোতা স্মারকের শর্তাবলীর অধীনে প্রণীত Repayment Schedule অনুযায়ী ঋণ পরিশোধ করতে হবে।

১.৩ ঋণ আবেদনকারীকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নক্সা এবং বিধি মোতাবেক বাড়ি/ফ্ল্যাট নির্মাণ করতে হবে। ঋণ প্রাপ্তির উদ্দ্যেশে প্রস্তাবিত ভূমি বা ফ্ল্যাট সম্পূর্ণ দায়মুক্ত হতে হবে।

১.৪ ঋণ প্রদানকারী ব্যাংক বা বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ব্যাংকের শাখায় সংশ্লিষ্ট ঋণ আবেদনকারীর একটি ব্যাংক হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমেই সংশ্লিষ্ট আবেদনকারীর বেতন/ভাতা/পেনশন এবং গৃহ নির্মাণ ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

১.৫ ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে কেবলমাত্র সম্পূর্ণ তৈরি (Ready) ফ্ল্যাটের জন্য ঋণ প্রদান করা যাবে। তবে সরকারি সংস্থা কর্তৃক নির্মাণকৃত ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে সম্পূর্ণ তৈরি ফ্ল্যাটের শর্ত শিথিল করা যাবে।

১.৬ বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণকে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ইউনিটের মাধ্যমে অর্থ ও হিসাব বিভাগ, সিএএবি'র প্রাথমিক অনাপত্তি গ্রহণ পূর্বক ঋণের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া ইতঃপূর্বে (এ নীতিমালা জারির পূর্বে) জমিক্রয় আগাম/গৃহ নির্মাণ আগাম/গৃহ মেরামত আগাম বাবদ ঋণ গ্রহণ করে থাকলে উক্ত ঋণ সুদে মূলে পরিশোধপূর্বক বেবিচ কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ইউনিটের মাধ্যমে অর্থ ও হিসাব বিভাগ, সিএএবি'র ছাড়পত্র গ্রহণপূর্বক ঋণ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

১.৭ আবেদনকারী ও প্রথম পক্ষের পারস্পারিক সুবিধা বিবেচনায় নিয়ে:

(i) প্রথম পক্ষ তাঁর নিজস্ব গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত যথাযথ পদ্ধতি (Due diligence) অনুসরণ করে আবেদনকারী বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রক্রিয়াকরণ করবে। তবে, সরকারি সংস্থা/কর্তৃপক্ষ কর্তৃক নির্মিতব্য/নির্মিত ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দপত্রের বিপরীতে মঞ্জুরিকৃত ঋণের ৫০% টাকা রেজিষ্টার্ড ত্রিপক্ষীয় চুক্তিপত্র দলিল সম্পাদনের মাধ্যমে বিতরণ করা যাবে, অবশিষ্ট ৫০% টাকা ফ্ল্যাটের রেজিষ্টার্ড বন্ধক (Mortgage) প্রদানের পর বিতরণযোগ্য হবে।

(ii) ঋণ আবেদনকারী/ঋণ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান বেবিচ কর্তৃপক্ষের গৃহ নির্মাণ ঋণ নীতিমালার অনুচ্ছেদ-৩ এ বর্ণিত ঋণ প্রাপ্তির যোগ্যতা, অনুচ্ছেদ-৪ এ বর্ণিত ঋণ প্রাপ্তির শর্তাবলী ও অনুচ্ছেদ-৭.১ গ (৩) এ বর্ণিত নির্ধারিত সিলিং মোতাবেক ঋণ প্রক্রিয়াকরণ/অনুমোদন করবে। কোনো আবেদনকারীর আবেদন প্রথম পক্ষ কর্তৃক অনুমোদিত হলে প্রথম পক্ষ ঋণের সাময়িক অনুমোদন ও ঋণ পরিশোধের সিডিউল (Negotiated repayment schedule) প্রস্তত করবে।

(iii) ঋণ আবেদনকারী উক্ত সাময়িক অনুমোদন ও ঋণ পরিশোধের সিডিউলসহ (Negotiated repayment schedule) ঋণ মঞ্জুরি আদেশ জারির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বেবিচ কর্তৃপক্ষের ঋণ চুড়ান্তকরণ কমিটির সদস্য-সচিব, পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করবে।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(iv) বেবিচ কর্তৃপক্ষের ঋণ চূড়ান্তকরণ কমিটির সুপারিশ এবং বেবিচ কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে পরিচালক (প্রশাসন) কর্তৃক যোগ্য কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে যথাযথ প্রক্রিয়ায় সাময়িক মঞ্জুরির আদেশ জারি করবে।

(v) সাময়িক মঞ্জুরি আদেশ প্রাপ্তির পর প্রথম পক্ষ গৃহ নির্মাণ ঋণের অর্থ ছাড় করবে এবং চূড়ান্ত সিডিউল প্রস্তুত করতঃ তা ঋণগ্রহীতার নিকট প্রেরণ করবে এবং দ্বিতীয়পক্ষকে অবহিতকরণের জন্য অনুলিপি প্রেরণ করবে।

(vi) ঋণগ্রহীতা তাঁর অনুকূলে বিতরণকৃত (Disbursed) ঋণের চূড়ান্ত সিডিউলসহ দ্বিতীয়পক্ষের নিকট সুদ ভর্তুকির জন্য আবেদন করবে। দ্বিতীয় পক্ষ ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল (Negotiated repayment schedule) যাচাই বাছাই করে সুদ ভর্তুকির জন্য মঞ্জুরি আদেশ জারিপূর্বক সুদ ভর্তুকি প্রদানের ব্যবস্থা করবে।

১.৮ (i) নীতিমালায় নির্ধারিত সর্বোচ্চ সিলিং ও প্রথম পক্ষ কর্তৃক Due diligence এর মাধ্যমে নিরূপিত পরিমাণ এ দু'য়ের মধ্যে যা কম সে পরিমাণ ঋণ মঞ্জুর ও বিতরণ করা যাবে। তবে সিলিং নির্ধারণের ক্ষেত্রে জমিসহ তৈরি ফ্ল্যাটক্রয় এবং ফ্ল্যাটের ক্রয়মূল্যের সাথে রেজিস্ট্রেশন ফি অন্তর্ভূক্ত করা যাবে। ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদানের জন্য ডেট (Debt) ইক্যুইটি রেশিও হবে ৯০:১০।

(ii) আবেদনকারীর ঋণের প্রাপ্যতা এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে ঋণগ্রহীতা কর্তৃক প্রদেয় মাসিক কিস্তি আসল ও সুদ (বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় ভর্তুকি বাদে) মিলে উত্তোলনযোগ্য বেতনের বেশি না হয়।

(iii) বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৯%। এটি হবে সরল সুদ এবং সুদের উপর কোনো সুদ আদায় করা যাবে না । ঋণগ্রহিতা ব্যাংক রেটের সমহারে (বর্তমানে ৪%) সুদ পরিশোধ করবে। সুদের অবশিষ্ট (বর্তমানে ৫%) অর্থ বেবিচ কর্তৃপক্ষ ভর্তুকি হিসেবে প্রদান করবে।

(iv) সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে দ্বিতীয় পক্ষ সময়ে সময়ে প্রথম পক্ষের সাথে আলোচনাপূর্বক সুদের হার পুনঃনির্ধারণ করতে পারবে। তবে পুনঃনির্ধারিত অনুরূপ সুদের হার নতুন ঋণ গ্রহীতার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(v) গৃহ নির্মাণ ঋণের সুদ বাবদ ভর্তৃকির অর্থ বেবিচ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেটে নির্দিষ্ট আর্থিক বরাদ্দ রাখবে।

(vi) প্রথম পক্ষ ঋণ গ্রহিতার নিকট থেকে কোনো ঋণের প্রসেসিং ফি বা আগাম ঋণ পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার অতিরিক্ত ফি আদায় করতে পারবে না। তবে স্বত্ব রিপোর্টের জন্য সরকারি প্লট/ফ্ল্যাটের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০০০/- (তিন হাজার টাকা) এবং বেসরকারি প্লট/ফ্ল্যাটের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০০০/- (চার হাজার) টাকা সংশ্লিষ্ট ঋণ আবেদনকারী/ঋণ গ্রহীতা প্রথম পক্ষকে প্রদান করবে।

১.৯ ঋণ মঞ্জুর হলে ঋণের টাকা গ্রহণের পূর্বে ঋণ গ্রহিতাকে যে সম্পত্তিতে ঋণ প্রদান করা হবে তা প্রথম পক্ষের অনুকূলে রেজিস্টার্ড দলিলমূলে বন্ধক প্রদান করতে হবে। তবে, বাস্তুভিটাতে (উত্তরাধীকার সূত্রে প্রাপ্ত এবং পুরুষানুক্রমে বসবাসরত ভূমি) বাড়ি করার ক্ষেত্রে ঋণগ্রহীতার মালিকানাধীন গৃহীত ঋনের অপেক্ষা কম মূল্যের নয় এমন অপর কোনো সম্পত্তি বন্ধক প্রদান করা যাবে। সম্পত্তি বন্ধক প্রদানের ক্ষেত্রে যাবতীয় ব্যয়ভার ঋন গ্রহীতাকে বহন করতে হবে।

১১০ মঞ্জুরিপত্রের শর্তাদি ও প্রথম পক্ষের নিয়মানুযায়ী বাড়ি নির্মাণ কাজের অগ্রগতির ভিত্তিতে একাধিক কিস্তিতে (সর্বোচ্চ ৪টি) ঋণের টাকা বিতরণ করা যাবে। তবে, সম্পূর্ণ তৈরি (Ready) ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ফ্ল্যাট/বাড়ির মালিকানা ও বন্ধকী দলিল রেজিস্ট্রেশনের সময় সমুদয় ঋণ এক কিস্তিতে প্রদান করা যাবে।

১.১১ সম্পাদিতব্য রেজিস্টার্ড বন্ধকী দলিলের সকল শর্ত ঋণগ্রহীতা মেনে চলবেন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

১.১২ গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি/ফ্ল্যাট ক্রয় ঋনের জন্য আবেদনকারীর (বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কমর্চারীর) চাকুরি স্থায়ী হতে হবে। ঋণ প্রাপ্তির সর্বোচ্চ বয়স সীমা হবে ৫৮(আটান্ন) বছর। তবে, ভবিষ্যতে সরকার চাকুরির মেয়াদ বৃদ্ধি করলে বর্ধিত সময় সর্বোচ্চ বয়সসীমার সাথে যোগ হবে। বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ ভর্তুকি অবসরোত্তর ছুটি ভোগের সর্বশেষ দিন পর্যন্ত প্রাপ্য হবেন।

১.১৩ কোনো কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণের জন্যে যোগ্য বলে বিবেচিত হবেন না।

১.১৪ বেবিচ কর্তৃপক্ষের চাকুরীতে চুক্তি ভিত্তিক, খন্ডকালীন ও অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোনো কর্মকর্তা/কর্মচারী এই সমঝোতা স্মারক ও বর্ণিত নীতিমালার আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন না।

১.১৫ লিয়েনে থাকাকালীন সময়ে কোনো কর্মচারী বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভর্তুকি প্রাপ্য হবেন না। কোনো কর্মচারী ঋণ গ্রহণ করার পর বেবিচ কর্তৃপক্ষের সুপারিশ থাকা সাপেক্ষে লিয়েনে গমন করলে লিয়েনকালীন সময়ে তিনি বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ ভর্তুকি প্রাপ্য হবেন না বিধায় লিয়েনকালীন সময়ে ঋণের কিস্তি (আসল+সমুদয় সুদ) উক্ত গ্রাহক-কে এককভাবে পরিশাধ করতে হবে। এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক লিয়েনে গমনকৃত কর্মকর্তা/কর্মচারীর তথ্য প্রথম পক্ষকে লিয়েনে গমনের পূর্বেই অবহিত করতে হবে। লিয়েন গমণের পূর্বে লিয়েন গ্রহণকারী ঋণ গ্রহিতা লিয়েনকালীন সময়ে ঋণের কিস্তি পরিশোধের বিষয়ে ব্যাংক হতে অনাপত্তিপত্র (NOC) গ্রহণ করতে হবে।

২.০ ঋণের হিসাবায়ন সংক্রান্তঃ

২.১ প্রদত্ত ঋণের আসল (Principal), ঋণগ্রহিতা কর্তৃক প্রদেয় সুদ এবং ভর্তুকি বাবদ বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুদ পৃথকভাবে প্রদর্শনপূর্বক প্রথম পক্ষ ঋণ পরিশোধের মঞ্জুরিপত্র/উপদেশপত্র ও ঋণ পরিশোধের সিডিউল প্রস্তুতপূর্বক দ্বিতীয় পক্ষ ও ঋণগ্রহীতা বরাবর জারি করবে। কোনো সংগত কারণে মাসিক কিস্তি পুনঃনির্ধারণ করার প্রয়োজন হলে পুনঃনির্ধারিত মাসিক কিস্তিতেই ঋণ পরিশোধ করতে হবে।

২.২ ঋণ গ্রহীতাগণকে ক্রমহ্রাসমান (Reducing Balance) আসল টাকার উপর বার্ষিক ৯% সরল সুদে (৪% কর্মকার্তা/কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫% বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়) ঋণ প্রদান করা হবে। অর্থাৎ এক্ষেত্রে সুদের উপর কোনো সুদ আরোপ করা হবে না।

২.৩ অনিবার্য কারণ বশতঃ মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে, বিলম্বের জন্য আরোপিত সুদ শেষ কিস্তির সাথে যুক্ত হবে। অনিয়মিত কিস্তির উপর ২% হারে (পরিবর্তনশীল) দন্ড সুদ প্রযোজ্য হবে, যাহা ঋণ গ্রহীতাকে পরিশোধ করতে হবে।

২.৪ ঋণ হিসাবে Excise Duty সহ সরকারী অন্যান্য চার্জ প্রদেয় হবে। কোন অপ্রকাশিত ফি/চার্জ (Hidden Charge) থাকবে না।

৩.০ ঋণ পরিশোধ সংক্রান্ত:

৩.১ ঋণ পরিশোধের মেয়াদকাল হবে সর্বোচ্চ ২০ বছর। গৃহ নির্মাণের ক্ষেত্রে প্রথম কিস্তির ঋণের অর্থ প্রাপ্তির ০২ (দুই) বছর পর এবং তৈরি বাড়ি ও ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণের অর্থ প্রাপ্তির ০১ (এক) বছর পর ঋণ গ্রহিতা কর্তৃক ঋণের মাসিক কিস্তি (আসল+সুদ) পরিশোধ শুরু হবে।

৩.২ ঋণ আবেদনকারী ঋণ পরিশোধের সুবিধার্থে প্রথম পক্ষের যে শাখা হতে ঋণ গ্রহণ করবেন উক্ত শাখায় একটি মাসিক বেতনের হিসাব খুলবেন এবং উক্ত ব্যাংক হিসাবে ঋণ গ্রহীতার বেতন/ভাতা (বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভর্তুকির অংশসহ)/পেনশন অনলাইন/BEFTN এর মাধ্যমে জমা হবে। ঋণের কিস্তি ঋণ গ্রহিতার বেতন হিসাব হতে ঋণের মেয়াদকাল পর্যন্ত কর্তন করা হবে।

৩.৩ ঋণ গ্রহিতার ব্যাংক হিসাব হতে প্রতি মাসে বেতন/ভাতা/ভর্তুকি জমা হওয়ার পর ঋণের পূর্ণ কিস্তির টাকা প্রথমেই ব্যাংক কর্তন করবে এবং অবশিষ্ট অর্থ ঋণ গ্রহিতা কর্তৃক উত্তোলনযোগ্য হবে।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৩.৪ ঋণ পরিশোধের মডেল সিডিউল অনুযায়ী প্রতিটি ঋণ হিসাবে কেইস-টু-কেইস ভিত্তিতে সুদ বাবদ প্রাপ্য মাসিক ভর্তুকির পরিমাণ নির্ধারণ করা হবে। বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীর নামে জারিকৃত মঞ্জুরি আদেশ অনুযায়ী প্রদত্ত ভর্তুকি বাবদ সুদের অংশ প্রতি মাসের শেষ কর্ম দিবসে বেতন বিলের সাথে প্রথম পক্ষের নির্ধারিত ব্যাংকের শাখায় প্রেরণ করতে হবে।

৩.৫ প্রথমপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাংকের হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন-ভাতা জমা হবে এবং উক্ত হিসাব হতে ঋণের পূর্ণ কিস্তি আদায়যোগ্য হবে যাতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্তৃক প্রদেয় আসল ও সুদ এবং বেবিচ কর্তৃপক্ষ প্রদত্ত ভর্তুকি বাবদ সুদের অর্থ অন্তর্ভুক্ত থাকবে।

৩.৬ (i) চাকুরি হতে অবসর গ্রহণের পর বা তার পূর্বে গৃহিত ঋণ সম্পূর্ণভাবে সমন্বয় করা যাবে। তবে সেক্ষেত্রে ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল (Final Negotiated Repayment Schedule) মোতাবেক সমন্বয়ের তারিখে অবশিষ্ট অনাদায়ী আসল এবং সমন্বয় তারিখ পর্যন্ত ঋণের উপর আদায়যোগ্য অর্জিত সুদ (Accrued Interest) এর যে পরিমাণ সুদ অনাদায়ী আছে তা পরিশোধপূর্বক ঋণ হিসাবটি সমন্বয় করা হবে।

(ii) অবসরোত্তর এককালিন পাওনাদি দ্বারা ঋণটি সম্পূর্ণ বা আংশিক সমন্বয় করা যাবে। এ বিষয়ে ঋণ গ্রহিতার নিকট হতে ৩০০.০০ টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। তবে সম্পূর্ণ ঋণ সমন্বয় না করে যদি আংশিক সমন্বয় করা হয় সেক্ষেত্রে অবশিষ্ট ঋণ ব্যাংক-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহকের মাসিক পেনশনের সাথে সামঞ্জস্য কিস্তিতে নির্ধারিত সময়ের অবশিষ্ট মেয়াদে পুনর্গঠন/পুনঃতফসিল করা যাবে।

৩.৭ (i) সুদসহ ঋণের সমুদয় পাওনা পরিশোধের পূর্বেই কোনো ঋণগ্রহীতা স্বেচ্ছায় চাকুরি ত্যাগ করলে অথবা বেবিচ কর্তৃপক্ষ কর্তৃক বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরি হতে বরখাস্ত/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে। এক্ষেত্রে ঋণ গ্রহিতাকে বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব পোর্টফোলিও অনুযায়ী নির্ধারিত কিস্তি পরিশোধ করতে হবে এবং অপরিশোধিত অর্থ (যদি থাকে) তাঁর প্রাপ্য পেনশন সুবিধা ও আনুতোষিক হতে সমুদয় পাওনা আদায় করা হবে।

(ii) এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ কর্তৃক স্বেচ্ছায় চাকুরি ত্যাগ/বাধ্যতামূলক অবসর প্রদান/বরখাস্ত/চাকুরীচ্যুত কর্মচারীর আগাম তথ্য প্রথম পক্ষকে অনতিবিলম্বে অবহিত করতে হবে।

৩.৮ (i) কোনো কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে সেক্ষেত্রে তার পারিবারিক পেনশন দ্বারা সুদের হার অপরিবর্তিত রেখে (৯%) যতটুকু কিস্তি পরিশোধ করা যায় সে পরিমাণ আদায় সাপেক্ষে অবশিষ্ট ঋণের অংশ তার প্রাপ্য আনুতোষিক হতে জমা প্রদানের ব্যবস্থা করতে হবে।

(ii) যদি আনুতোষিক এবং প্রাপ্য পেনশন দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হয় তাহলে তার উত্তরাধিকারীর নিকট হতে সুদের হার অপরিবর্তিত রেখে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে।

(iii) এক্ষেত্রে অপরিশোধিত পাওনা আদায়ের জন্য প্রথম পক্ষের প্রচলিত নিয়ম পরিপালনযোগ্য হবে।

৪.০ ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকী দলিলের শর্তাদি এই সমঝোতা স্মারকের দ্বারা কোনো ক্রমেই অকার্যকর হবে না। বন্ধকী দলিল-ই ঋণ চুক্তি হিসাবে গণ্য হবে এবং এই সমঝোতা স্মারকের তার সম্পূরক বলে গণ্য হবে।

৫.০ প্রথমপক্ষ (অগ্রণী ব্যাংক লিমিটেড) বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে তাঁর নিজস্ব তহবিল হতে বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করবে। অত্র সমঝোতা স্মারকের উল্লেখিত বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণের সুদ বাবদ প্রয়োজনীয় ভর্তুকির অর্থ বেবিচ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অর্থবছরের বাজেটে বরাদ্দ রাখবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খড ০২৫৭৫৮৩

৬.০ বেবিচ কর্তৃপক্ষ এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের সমুদয় কার্যক্রম বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক ১৭.০২.২০২২ তারিখ হতে কার্যকর করে জারিকৃত নীতিমালা এবং প্রথম পক্ষের (অগ্রণী ব্যাংক লিমিটেড) যথাযথ পদ্ধতি (Due diligence) অনুযায়ী পরিচালিত হবে। এর পরেও সমঝোতা স্মারক বাস্তবায়নে কোনো অস্পষ্টতা দেখা দিলে তা উভয় পক্ষের মধ্যে পারস্পরিক আলোচনার ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

৭.০ এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রশাসন ও টিডিএম, গৃহ নির্মাণ ঋণ কোষ-৩ কর্তৃক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা অনুমোদন সংক্রান্ত ২৮ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.০০.০০০০.২০৭.০২.০৩৮.২১-২৫৪ সংখ্যক স্মারকের নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

৮.০ এই সমঝোতা স্মারকের আওতায় দ্বিতীয় পক্ষ (বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ) কর্তৃক প্রথম পক্ষ (অগ্রণী ব্যাংক লিমিটেড)-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ/জমিসহ তৈরি বাড়ি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণের ক্ষেত্রে পূর্বোল্লিখিত নীতিমালা অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নিযুক্ত করা হলো।

৯.০ এই সমঝোতা স্মারকে লিখিত হয়নি এমন কোনো বিষয় ভবিষ্যতে উদ্ভব হলে তা উভয় পক্ষের আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

১০.০ এই সমঝোতা স্মারক পাঠ করে এর মর্ম বাণী, ভাবার্থ ও ফলাফল সম্যক অবগত হয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচনায় স্বাক্ষীগণের উপস্থিতিতে আমরা স্বাক্ষরকারীগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষের ক্ষমতা প্রাপ্ত হয়ে এই সমঝোতা স্মারকপত্রে স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ:	দ্বিতীয় পক্ষ:
(মোঃ মুরশেদুল কবীর) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও অগ্রণী ব্যাংক লিমিটেড	(মোঃ মিজানুর রহমান) সদস্য (প্রশাসন) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

১ম স্বাক্ষী:	১৫/১২/২০২২ (সুস্মিতা মন্ডল) উপ-মহাব্যবস্থাপক অগ্রণী ব্যাংক লিমিটেড	১৫-১২-২০২২ জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, পরিচালক (অর্থ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
২য় স্বাক্ষী:	১৫/১২/২০২২ (খোন্দকার লুৎফুল কবির) সহকারী মহাব্যবস্থাপক অগ্রণী ব্যাংক লিমিটেড	জনাব মোহাম্মদ নুরুল ইসলাম পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"